

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.৫১৩.০৫৪.০০.০০১.২০১০-১২.৯৫০

তারিখ: ১৬ কার্তিক ১৪২৩
৩১ অক্টোবর ২০১৬

বিষয়: মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সঙ্গে বিভাগীয় কমিশনারগণের সভা আয়োজন সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.০৩.০০২.২০১৬.৮২৫ তারিখ: ২৯.৯.২০১৬

মাঠ পর্যায়ে বিভাগের সর্বোচ্চ কর্তৃপক্ষ হিসাবে বিভাগীয় কমিশনারগণ বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের সাধারণ প্রশাসন সংক্রান্ত কার্যক্রমের মনিটরিং এবং সমন্বয় সাধন করে থাকেন। এর ধারাবাহিকতায় তঁরা প্রতিমাসে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নিয়ে বিভিন্ন পর্যায়ের নির্ধারিত সভার আয়োজন করে থাকেন এবং জেলা প্রশাসকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। সাধারণভাবে জেলা প্রশাসকগণের মাধ্যমে প্রদত্ত এসব নির্দেশনা/পরামর্শ/কর্মকৌশল উপপরিচালক, স্থানীয় সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব/এলএ/শিক্ষা ও আইসিটি), অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণের নিকট পৌঁছে থাকে। মাঠ পর্যায়ে বিভিন্ন পরিদর্শন/দর্শন অথবা বিভিন্ন কর্মসূচি ব্যতীত উল্লিখিত কর্মকর্তাগণের সঙ্গে বিভাগীয় কমিশনারগণের সরাসরি মতবিনিময়/মিথক্রিয়ার (Interaction) সুযোগ কম থাকে। সরাসরি মতবিনিময়/নির্দেশনা প্রদানের মাধ্যমে অভীষ্ট লক্ষ্য অর্জন সহজতর। এজন্য একটি নির্ধারিত সময়ান্তে উল্লিখিত কর্মকর্তাগণের সঙ্গে বিষয়ভিত্তিক সভার আয়োজন করা হলে সরকারের উন্নয়ন-লক্ষ্য অর্জন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ওপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে মূল্যায়ন করা সহজতর হবে। অধিকন্তু মাঠ পর্যায়ের বিভিন্ন সমস্যা, সম্ভাবনা, জনগণের আশা-আকাঙ্ক্ষা ও স্থানীয় বিশেষ বৈশিষ্ট্য সম্পর্কে বিভাগীয় কমিশনারগণ আরও গভীরভাবে উপলব্ধি করার সুযোগ পাবেন।


০২। উপর্যুক্ত বিষয়গুলির প্রতি লক্ষ্য রেখে বিভাগীয় কমিশনারগণকে নিম্নের ছক অনুযায়ী উল্লিখিত কর্মকর্তাগণের সঙ্গে তঁদের পার্শ্বের কলামে উল্লিখিত সভার আয়োজন করার জন্য অনুরোধ করা হল:

ক্রমিক	কর্মকর্তার পদবি	সভার ধরন	সময়কাল	মন্তব্য
(১)	উপপরিচালক, স্থানীয় সরকার	স্থানীয় সরকার সংক্রান্ত বিষয়াদি	তিন মাস অন্তর	সভা অথবা ভিডিও কনফারেন্সের মাধ্যমে
(২)	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)	সাধারণ প্রশাসন সংক্রান্ত বিষয়াদি	দুই মাস অন্তর	সভা অথবা ভিডিও কনফারেন্সের মাধ্যমে
(৩)	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/এলএ)	রাজস্ব প্রশাসন সংক্রান্ত বিষয়াদি	দুই মাস অন্তর	সভা অথবা ভিডিও কনফারেন্সের মাধ্যমে
(৪)	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)	শিক্ষা, আইসিটি ও উদ্ভাবন সংক্রান্ত বিষয়াদি	দুই মাস অন্তর	সভা অথবা ভিডিও কনফারেন্সের মাধ্যমে
(৫)	অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট	আইন-শৃঙ্খলা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সংক্রান্ত বিষয়াদি	দুই মাস অন্তর	সভা অথবা ভিডিও কনফারেন্সের মাধ্যমে
(৬)	উপজেলা নির্বাহী অফিসার	উপজেলা প্রশাসন সংক্রান্ত বিষয়াদি	তিন মাস অন্তর	সভা অথবা ভিডিও কনফারেন্সের মাধ্যমে
(৭)	সহকারী কমিশনার (ভূমি)	ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়াদি	তিন মাস অন্তর	সভা অথবা ভিডিও কনফারেন্সের মাধ্যমে

০৩। সভা পরিচালনা পদ্ধতি:

- (১) মন্ত্রিপরিষদ বিভাগের ০৮.০৮.২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৭৩২ নম্বর স্মারক অনুসরণে সভার সময় নির্ধারণ করতে হবে;
- (২) সভার কার্যবিবরণী সাত কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে;
- (৩) সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মনিটরিং করতে হবে; এবং
- (৪) প্রয়োজন অনুযায়ী কোন সুপারিশ সরকারের নিকট প্রেরণ করা যেতে পারে।

০৪। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।



(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)
অতিরিক্ত সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ০২-৯৫৭৩৮৩৩

বিভাগীয় কমিশনার...(সকল)।

অনুলিপি:

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, ভূমি/শিক্ষা/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।
- ৪। জেলা প্রশাসক...(সকল)।
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার...(সকল)।
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি/রাজস্ব/এলএ/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট)...(সকল)।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার...(সকল)।
- ৮। সহকারী কমিশনার (ভূমি)...(সকল)।
- ৯। অফিস/মাস্টার কপি।